



# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয় 'কৃষি ব্যাংক ভবন'  
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১  
০২২২৩৩-৮৮৯৪৯

ই-মেইলঃ dgmlad1@krishibank.org.bd

## ক্রেডিট বিভাগ

পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং ০৬/২০২২

তারিখ : ১৯/০৫/২০২২

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।  
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।  
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।  
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)  
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক নিজস্ব তহবিল হতে চা উন্নয়ন ঋণ অর্থায়নের লক্ষ্যে বাংলাদেশ কৃষি ব্যাংক এবং বাংলাদেশ চা বোর্ডের মধ্যে সম্পাদিত সমঝোতা স্মারকের পরিপ্রেক্ষিতে বাগান কর্তৃপক্ষ কর্তৃক দাখিলকৃত উন্নয়ন স্কিম অনুমোদন প্রসঙ্গে।

শ্রিয় মহোদয়,

ব্যাংকের নিজস্ব তহবিলে চা উন্নয়ন ঋণ অর্থায়নের ক্ষেত্রে বাগান কর্তৃপক্ষ কর্তৃক দাখিলকৃত উন্নয়ন স্কিমের মাধ্যমে ব্যাংকের নিজস্ব তহবিলের আওতায় চা বাগানের উন্নয়ন/পুনর্বাসন তথা বাগানে নতুন চারা লাগানো নতুনভাবে চা আবাদ এলাকা সম্প্রসারণ, ইনফিলিং, ব্লক ইনফিলিং, কারখানায় আধুনিকীকরণ, শ্রমিকদের আবাসিক বাসভবন তৈরি, কালভার্ট এবং অন্যান্য উন্নয়নমূলক কাজের জন্য ঋণ দেয়া হয় বিধায় এ ঋণের কার্যক্রম চলমান রাখার স্বার্থে বাংলাদেশ কৃষি ব্যাংক এবং বাংলাদেশ চা বোর্ডের মধ্যে সম্পাদিত সমঝোতা স্মারক এর প্রেক্ষিতে ঋণ মঞ্জুরের জন্য মূল্যায়নসহ প্রাপ্যতা নিরূপনে নিম্নে বর্ণিত ভাবে স্থানীয় কারিগরি কমিটি গঠন ও এর কার্য পরিধি (TOR) এবং উন্নয়ন স্কীম তহবিলের যথাযথ ব্যবহার নিশ্চিতকল্পে একটি মনিটরিং কমিটি গঠন করা হয়েছে :

- |   |   |            |
|---|---|------------|
| (১) মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, মৌলভীবাজার                         | ঃ | আহ্বায়ক   |
| (২) চেয়ারম্যান, বাংলাদেশ চা বোর্ড, প্রধান কার্যালয়, চট্টগ্রাম কর্তৃক মনোনীত একজন কর্মকর্তা      | ঃ | সদস্য      |
| (৩) পরিচালক, প্রকল্প উন্নয়ন ইউনিট, বাংলাদেশ চা বোর্ড, শ্রীমঙ্গল এর প্রতিনিধি                     | ঃ | সদস্য      |
| (৪) সহকারী উন্নয়ন কর্মকর্তা, প্রকল্প উন্নয়ন ইউনিট, বাংলাদেশ চা বোর্ড, শ্রীমঙ্গল                 | ঃ | সদস্য      |
| (৫) বাংলাদেশীয় চা সংসদের একজন প্রতিনিধি  | ঃ | সদস্য      |
| (৬) বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়/ কর্পোরেট শাখার ঋণ সেকশনের প্রধান/ সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক | ঃ | সদস্য-সচিব |

০২। স্থানীয় কারিগরি কমিটির কর্মপরিধি নিম্নরূপ হবে :

- (ক) চা বাগান কর্তৃপক্ষ বাংলাদেশ কৃষি ব্যাংকের নিজস্ব তহবিলের আওতায় উন্নয়ন স্কিম সংশ্লিষ্ট শাখায় দাখিল করবে। সংশ্লিষ্ট শাখা ০৫(পাঁচ) দিনের মধ্যে উন্নয়ন স্কিম টেকনিক্যাল কমিটির আহ্বায়ক অফিসে প্রেরণ নিশ্চিত করবেন। আহ্বায়ক কর্তৃক নাম ও পদবীসহ কমিটি গঠনের জন্য সংশ্লিষ্ট কার্যালয় সমূহের সাথে যোগাযোগ করতঃ কমিটি গঠন এবং সংশ্লিষ্ট বাগান পরিদর্শনের কর্মসূচী প্রনয়ন করবেন। কর্মসূচী সংশ্লিষ্ট সদস্যদের অবহিত করবেন। কমিটি বাগান পরিদর্শন এবং কারিগরি সম্ভাব্যতা যাচাই পূর্বক ৫(পাঁচ) বছর মেয়াদী উন্নয়ন স্কিম পরীক্ষা -নিরীক্ষা করে অনুমোদন দিবেন এবং ১৫(পনের) দিনের মধ্যে বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়/ কর্পোরেট শাখার ঋণ সেকশনের প্রধান/ সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপকসহ সংশ্লিষ্ট বাগান কর্তৃপক্ষের নিকট অনুমোদিত উন্নয়ন স্কিমের একটি করে কপি প্রেরণ করবেন। সকল ক্ষেত্রেই প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগে অনুলিপি প্রেরণ করতে হবে ;
- (খ) বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়/ কর্পোরেট শাখার ঋণ সেকশনের প্রধান/ সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক সংশ্লিষ্ট বাগান কর্তৃপক্ষের নিকট হতে চা উন্নয়ন ঋণের জন্য উক্ত অনুমোদিত স্কিমসহ ঋণ আবেদন প্রাপ্তির ৭(সাত) দিনের মধ্যে ঘাটতি কাগজপত্রাদি তালিকাসহ (যদি থাকে) তথ্যাদি সংশ্লিষ্ট বাগান কর্তৃপক্ষকে অবহিত করবে ;
- (গ) ঋণ প্রস্তাব প্রাপ্তির পর শাখা/মাঠ কার্যালয় সমূহ সর্বমোট ৩০ (ত্রিশ) দিনের মধ্যে তাদের সুপারিশ সম্বলিত প্রস্তাব প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করবে ; এবং
- (ঘ) উক্ত ৬(ছয়) সদস্য বিশিষ্ট টেকনিক্যাল কমিটির মধ্যে কমপক্ষে ৫(পাঁচ) সদস্যের উপস্থিতি বাধ্যতামূলক। তবে, বাংলাদেশ চা বোর্ড ও বাংলাদেশ কৃষি ব্যাংক প্রতিনিধি অবশ্যই উপস্থিত থাকতে হবে।

চলমান পাতা-০২

বিষয় : বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক নিজস্ব তহবিল হতে চা উন্নয়ন ঋণ অর্থায়নের লক্ষ্যে বাংলাদেশ কৃষি ব্যাংক এবং বাংলাদেশ চা বোর্ডের মধ্যে সম্পাদিত সমঝোতা স্মারকের পরিশ্রেঙ্কিতে বাগান কর্তৃপক্ষ কর্তৃক দাখিলকৃত উন্নয়ন স্কিম অনুমোদন প্রসঙ্গে।

০৩। উক্ত উন্নয়ন স্কিম এর আলোকে পরবর্তীতে মঞ্জুরিকৃত ঋণের তহবিলের যথাযথ ব্যবহার নিশ্চিতকল্পে নিম্নবর্ণিত সদস্যদেরকে নিয়ে বাংলাদেশ চা বোর্ডের সহযোগিতায় একটি মনিটরিং কমিটি গঠন করা হয়েছে :

- |   |   |            |
|---|---|------------|
| (১) বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয় ঋণ সেকশনের প্রধান/কর্পোরেট শাখার ঋণ সেকশনের প্রধান / সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক | : | আহ্বায়ক   |
| (২) বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, মৌলভীবাজার এর উপযুক্ত প্রতিনিধি (উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা পদবীর নিচে নয়)      | : | সদস্য      |
| (৩) পরিচালক, প্রকল্প উন্নয়ন ইউনিট, অথবা তার উপযুক্ত প্রতিনিধি  | : | সদস্য      |
| (৪) বাংলাদেশীয় চা সংসদের একজন প্রতিনিধি  | : | সদস্য      |
| (৫) সংশ্লিষ্ট শাখার ঋণ সেকশনের কর্মকর্তা  | : | সদস্য সচিব |

উক্ত মনিটরিং কমিটি ঋণের যথাযথ ব্যবহার নিশ্চিত করবেন। প্রথম বছরের যথাযথ ব্যবহার সম্পর্কিত মনিটরিং রিপোর্ট প্রাপ্তির পর বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয় /কর্পোরেট শাখার ঋণ সেকশনের প্রধান/ সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক ব্যাংকের প্রচলিত বিধি মোতাবেক পরবর্তী কিস্তির টাকা প্রদান করবেন। উক্ত ৫(পাঁচ) সদস্য বিশিষ্ট মনিটরিং কমিটির মধ্যে কমপক্ষে ৪(চার) সদস্যের উপস্থিতি বাধ্যতামূলক। তবে, বাংলাদেশ চা বোর্ড ও বাংলাদেশ কৃষি ব্যাংক প্রতিনিধি অবশ্যই উপস্থিত থাকতে হবে।

০৪। বাগান কর্তৃপক্ষ কর্তৃক দাখিলকৃত উন্নয়ন স্কিম স্থানীয় কারিগরি কমিটি কর্তৃক প্রাথমিক ভাবে অনুমোদন লাভের পর সংশ্লিষ্ট শাখা কার্যালয় ঋণ প্রস্তাবটি গ্রহণ করবে এবং ব্যাংকের প্রচলিত নিয়মানুযায়ী সুপারিশ সহকারে সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক ও বিভাগীয় কার্যালয়ের মাধ্যমে মঞ্জুরির নিমিত্তে প্রধান কার্যালয়ে এবং স্থানীয় মুখ্য কার্যালয় এর ক্ষেত্রে সরাসরি প্রচলিত বিধি মোতাবেক মঞ্জুরির নিমিত্তে উপস্থাপন করবে।

আপনার বিশ্বস্ত,



(চানু গোপাল ঘোষ)

উপ-ব্যবস্থাপনা পরিচালক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল :

- ০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক -১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।



(মোহাম্মদ মঈনুল ইসলাম)

উপমহাব্যবস্থাপক

ফোন : ০২২২৩৩-৮৮৯৪৯